THE DAILY STAR

তারিখ ... MAR. 24 1999

পৃষ্ঠা: ৭ কলাম ৬

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ স্বাঃঅধিঃ/চিঃশিঃ/বিডিএস/৯৮/১৩৫ তারিখঃ ১৫/৩/৯৯

# ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে বিডিএস কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের ১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

১। ভর্তিচ্ছু প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। বাংলাদেশের যে কোন মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা বোর্ড অথবা দেশের বাইরের যে কোন স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে যে কোন গ্রুপে এসএসসি এবং পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় কোন তৃতীয় বিভাগ ছাড়া উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় সর্বমোট ন্যূনতম ১৩০০ (এসএসসি/দাখিল এবং সমমানের পরীক্ষায় অতিরিক্ত বিষয়ে প্রাপ্ত নম্বর বাদে) নম্বর পেতে হবে এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার জীববিদ্যা বিষয়ে (তত্ত্বীয় ও ব্যবহারিক আলাদা ভাবে) পাস নম্বর থাকতে হবে।

৩। যে সব প্রার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি এবং ১৯৯৭ সালের পূর্বে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা আবেদন করার যোগ্য নন।

৪। তিনটি ডেন্টাল কলেজ/ইউনিটে সর্বমোট ১০৩টি আসনের মধ্যে ঢাকা ডেন্টাল কলেজে ৬৩টি, চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটদ্বয়ের প্রত্যেকটিতে ২০টি আসন নির্দিষ্ট আছে। এ ছাড়া ঢাকা ডেন্টাল কলেজে বাংলাদেশী উপজাতীয় প্রার্থীদের জন্য ২টি আসন ও বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য ৫ (পাঁচ) টি আসন সংরক্ষিত আছে। উপজাতীয় প্রার্থীর জন্য সংরক্ষিত ২ (দুই) টি আসনের জন্য প্রার্থীদের অন্যান্য সাধারণ ছাত্র-ছাত্রীদের ন্যায় একই ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। তবে তাদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় সর্বমোট ১২০০ নম্বর (এসএসসি/দাখিল এবং সমমানের পরীক্ষায় অতিরিক্ত বিষয়ে প্রাপ্ত নম্বর বাদে) পেলে আবেদন করতে পারবে, কিন্তু তাদেরকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উপজাতীয় প্রার্থীদের নিজ জেলার জেলা প্রশাসক ও নিজ গোত্র প্রধানের নিকট হতে গোত্র, জেলা ও চারিত্রিক বৈশিষ্ট্যতা সংক্রান্ত সনদপত্র অবশ্যই আবেদনপত্রের সংগে সংযুক্ত করতে হবে।

৫। ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচন নিম্নলিখিত পরীক্ষাসমূহের ফলাফলের ভিত্তিতে করা হবেঃ

| | | |
|---|---|---|
| (ক) ভর্তির লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি)<br>(পদার্থ-৩০, রসায়ন-৩০, জীববিদ্যা-৩০, ইংরেজি-১০) | ঃ | ১০০ নম্বর |
| এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪%<br>এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬% | ঃ | ১০০ নম্বর |
| সর্বমোট | ঃ | ২০০ নম্বর |

(খ) লিখিত পরীক্ষার (এমসিকিউ পদ্ধতি) সময় = ১ (এক) ঘন্টা, এবং কোন মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৬। প্রাপ্ত সর্বমোট নম্বর সমান হলে এইচএসসি পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিদ্যায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধা নির্বাচন করা হবে। ইহাও যদি সমান হয় তবে জীববিদ্যায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা নির্বাচন করা হবে। মোট ১০৩টি আসনের মধ্যে ৬১টি জাতীয় মেধা ভিত্তিতে এবং ৪২টি আসনে বিভাগীয় কোটা অনুযায়ী মেধা ভিত্তিতে নির্বাচন করা হবে। বিভাগীয় কোটা দাবীর ক্ষেত্রে আবেদনপত্রে উল্লেখিত বিভাগই প্রার্থীর স্থায়ী বিভাগ বলে বিবেচিত হবে। আবেদনপত্র জমা দেওয়ার পর স্বীয় জেলা ও বিভাগের নাম কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।

৭। প্রার্থী কোন ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তি হতে চান, তার পছন্দের ক্রম অনুযায়ী আবেদনপত্রের নির্দিষ্ট ঘর পূরণ করবেন। ভর্তি পরীক্ষার ফলাফল ও প্রার্থীর উল্লেখিত পছন্দের ভিত্তিতে তিনি কোন কলেজ/ইউনিটে ভর্তির সুযোগ পাবেন তা নির্ধারিত হবে।

৮। ভর্তির আবেদনপত্র ২০/-(কুড়ি) টাকা মাত্র (অফেরতযোগ্য) ফি পরিশোধ সাপেক্ষে ঢাকা ডেন্টাল কলেজ, চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট হতে ২৩/৩/৯৯ইং তারিখ থেকে সংগ্রহ করা যাবে।

সংগৃহীত আবেদনপত্র সঠিক ভাবে পূরণ করে যে কলেজ/ইউনিট হতে আবেদনপত্র সংগ্রহ করা হয়েছে সেই কলেজ/ইউনিটেই ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) সেন্টার ফিসহ জমা দিতে হবে।

৯। আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে এবং অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। পরীক্ষা পরবর্তী সময়েও কোন প্রার্থীর আবেদনপত্রে কোন ভুল তথ্য পাওয়া গেলে তার পরীক্ষা/ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১০। আবেদনপত্রের সংগে নিম্নলিখিত দলিলপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবেঃ

(ক) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার মার্কশীটের সত্যায়িত ফটোকপি।

(খ) নিজ স্থায়ী জেলা ও বিভাগ সম্বন্ধে সিটি করপোরেশনের মেয়র/পৌর চেয়ারম্যান বা অনুমোদিত কর্মকর্তা/থানা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/নিজ জেলায় কর্মরত ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট বা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

(গ) তিন কপি পাসপোর্ট সাইজ সদ্য তোলা সত্যায়িত ছবি।

(ঘ) উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য নিজ জেলার ডেপুটি কমিশনার ও গোত্র প্রধানের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

১১। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষাকরণ ও ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে হবে। উত্তর-পত্র পরীক্ষাকরণ ওএমআর মেশিনে হবে। ওএমআর (OMR) মেশিনে পরীক্ষাকৃত প্রাপ্ত নম্বর কোন কোর্টে চ্যালেঞ্জ করা যাবে না। তবে পরীক্ষার ফলাফল সম্বন্ধে আপত্তি থাকলে ফল প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে স্বীয় পরীক্ষার ফলাফল নিরীক্ষার জন্য আবেদন করতে পারবে। নিরীক্ষা কমিটি কর্তৃক আবেদনকারীর উত্তর-পত্র নিরীক্ষা করার পর নির্দিষ্ট সময়ান্তে আবেদনকারীকে জানিয়ে দে'য়া হবে।

১২। চূড়ান্ত ফলাফল প্রকাশের সময় ৩০০জন প্রার্থীর মেধা ভিত্তিক অপেক্ষমাণ তালিকাও প্রকাশ করা হবে। ভর্তির নির্দিষ্ট শেষ তারিখের পর যে সব আসন শূন্য থাকবে, তা অপেক্ষমাণ তালিকা হতে মেধা ও কলেজ পছন্দের ভিত্তিতে পূরণ করা হবে, তবে অপেক্ষমাণ তালিকা হতে শূন্যস্থান পূরণের পূর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধা ও পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (অটোমাইগ্রেশনের) সুযোগ দেওয়া হবে।

১৩। পরবর্তীতে ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের মধ্যে সব ধরনের অভিপ্রায়ন (মাইগ্রেশন) সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

১৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংশ্লিষ্ট কলেজের নোটিশ বোর্ডে দেখা যাবে।

১৫। নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত ভর্তি সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ততার সিদ্ধান্তের ভিত্তিতে হবে। ভর্তির পূর্বে কলেজ অফিসে নিম্নলিখিত সার্টিফিকেট ও দলিলপত্রের মূল কপি অবশ্যই জমা রাখতে হবে। অন্যথায় প্রার্থীর নির্বাচন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ক) এসএসসি বা সমমানের পরীক্ষা পাসের মূল সার্টিফিকেট।

(খ) এইচএসসি বা সমমানের পরীক্ষা পাসের মূল প্রভিশনাল সার্টিফিকেট অথবা টেষ্টিমোনিয়াল।

(গ) নিজ স্থায়ী জেলা ও বিভাগ সংক্রান্ত মূল সার্টিফিকেট।

(ঘ) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষাদ্বয়ের মূল মার্ক সার্টিফিকেট।

(ঙ) উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য নিজ জেলার জেলা প্রশাসক ও গোত্র প্রধানের সার্টিফিকেটের মূল কপি।

১৬। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবাসিক ব্যবস্থা নিজেদেরকে করতে হবে। বিডিএস চূড়ান্ত পরীক্ষায় যে কলেজ থেকে উত্তীর্ণ হবেন সেই কলেজ হাসপাতালে এক বৎসর বাধ্যতামূলক ইন্টার্নশীপ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ সমাপনান্তে সরকারী চাকরির কোন নিশ্চয়তা নেই।

১৭। ভর্তির আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ **৮ই এপ্রিল, ১৯৯৯ইং** এবং ভর্তির লিখিত পরীক্ষা **৩০শে এপ্রিল, ১৯৯৯ইং শুক্রবার সকাল ৯-০০টায়** সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় ২বি কাঠ পেন্সিল, উন্নতমানের ইরেজার ও সার্পনার সংগে আনতে হবে এবং পরীক্ষার প্রবেশপত্র সংগে রাখতে হবে। **লিখিত পরীক্ষার প্রশ্ন-উত্তর কালো কালির বল পয়েন্ট কলম বা ২বি কাঠ পেন্সিল দ্বারা পূরণ করতে হবে।**

**অধ্যাপক শাহ মনির হোসেন**
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

ডিএফপি-৫৫৪৪-২১/৩
জি-৪৯৫